সংবাদ

তারিখ ... 12 NOV 2013 ...
পৃষ্ঠা ৫ কলাম ৮

# পাবনায় মনসুর আলী কলেজ অধ্যক্ষ সাময়িক বরখাস্ত

নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা

পাবনা শহরের শহীদ এম মনসুর আলী কলেজের অধ্যক্ষ আবদুল মান্নান খানকে সাময়িক বরখাস্ত করেছে কলেজ পরিচালনা পরিষদ। দুর্নীতি দমন কমিশনে (দুদক) সম্প্রতি তার বিরুদ্ধে কলেজের অর্থ আত্মসাতের অভিযোগে মামলা করলে পরিষদের জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

পরিচালনা পরিষদের সভাপতি ও পাবনা জেলা পরিষদের প্রশাসক এম সাইদুল হক চুন্নু জানান, অধ্যক্ষ আবদুল মান্নানের বিরুদ্ধে শিক্ষকদের কাছে অর্থ দাবি, কলেজের টাকা ব্যক্তিগত হিসাব নম্বরে রাখা, শিক্ষক-শিক্ষার্থী-কর্মচারীদের ওপর নির্যাতনসহ বিভিন্ন অভিযোগ রয়েছে। এসব অভিযোগের কারণে নভেম্বর তাকে কারণ দর্শানোর নোটিস দেয়া হয়। পরে দুদকও তার বিরুদ্ধে পাবনা সদর থানায় মামলা দায়ের করে। সঙ্গত কারণেই তাকে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত হয়। সেই সঙ্গে সহকারী অধ্যাপক আবদুস সালাম খানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ করা হয়েছে।